# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - মাজলিসে যিকর ও যিকরের মাজলিস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

খ. আল্লাহর যিকরের মাজলিস

আমরা উপরের আলোচনায় দেখেছি যে, দ্বিতীয় প্রকারের মাজলিস আল্লাহর যিকর কেন্দ্রিক। এগুলিকে ‘যিকরের মাজলিস’ বলা হয়। ‘যিকরের মাজলিস’ ঐ মাজলিস যেখানে কয়েকজন মুমিন একত্রিত হয়ে আল্লাহর গুণাবলী, নিয়ামত, বরকত, তাঁর দ্বীন, রাসূল (সা.)-এর বিধান, পুরস্কার, তাঁর সন্তুষ্টির পথে অগ্রসর হওয়ার উপায় ইত্যাদির আলোচনা করেন; আল্লাহর প্রশংসা, মর্যাদা, মহত্ব, পবিত্রতা ও একত্ব উল্লেখ করেন; তাঁর কাছে ক্ষমা ভিক্ষা করেন বা তাঁর কাছে দুনিয়া ও আখিরাতের কল্যাণ চেয়ে প্রার্থনা করেন। এক মাজলিসে সকল প্রকারের যিকর একত্রিত হতে পারে বা কিছু কিছু যিকরও হতে পারে।

ইতঃপূর্বে আমরা দেখেছি যে, রাসূলুল্লাহ (সা.) ফজর ও আসরের পরে কিছু মানুষের সাথে বসে আল্লাহর যিকরে রত থাকার উৎসাহ প্রদান করেছেন। এছাড়া যিকরের মাজলিসের গুরুত্ব ও মর্যাদা প্রকাশ করে অনেক হাদীস বর্ণিত হয়েছে। আমরা এখানে এসকল হাদীস আলোচনা করব। সাথে সাথে এ সকল হাদীস থেকে জানতে চেষ্টা করব যে, যিকরের মাজলিসের মাসনূন পদ্ধতি কি ? কিভাবে রাসূলুল্লাহ (সা.) ও সাহাবীগণ যিকরের মাজলিস করতেন ? তাঁরা এ সকল মাজলিসে কী যিকর পালন করতেন এবং কিভাবে? যেন আমরা বিশুদ্ধভাবে অবিকল তাঁদের মতো যিকরের মাজলিসে আল্লাহর যিকর করে অগণিত পুরস্কার লাভ করতে পারি। সাথে সাথে যিকরের মাজলিসের নামে খেলাফে সুন্নাত কর্মে নিপতিত হওয়া থেকে আত্মরক্ষা করতে পারি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8855

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন